গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

# পরিদর্শন প্রতিবেদন (চলতি প্রকল্প)

পরিদর্শনের তারিখঃ ২৭/০৪/১৫

১.০ **প্রকল্পের নাম** : শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়)।

২.০ **মন্ত্রণালয়/বিভাগ** : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৩.০ **বাস্তবায়নকারী সংস্থা** : বাংলাদেশ শিশু একাডেমী।

৪.০ **প্রকল্প এলাকা** : UNDAF জেলাভুক্ত সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, কক্সবাজার, পটুয়াখালী ও সাতক্ষীরা জেলা। UNDAF জেলা ব্যতীত ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ ও মৌলভীবাজার জেলা।

ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশন এবং সাভার পৌরসভা আরবান এলাকা।

অবহেলিত এলাকা, যেমন-শহর এলাকার বস্তি, চা-বাগান, সরকারি আশ্রয়ন প্রকল্প, দ্বীপ, চর, হাওর ও কেন্দ্রীয় কারাগার ইত্যাদি।

৫.০ **প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)**

| | মোট | টাকা | প্রকল্প সাহায্য |
|---|---|---|---|
| ৫.১) মূল অনুমোদিত : | ৪১৯৬.৭৯ | ৩৪৬.৭৯ | ৩৮৫০.০০* |

*উন্নয়ন সহযোগী সংস্থা ইউনিসেফ

৬.০ **বাস্তবায়নকাল**
৬.১) মূল অনুমোদিত : জানুয়ারি, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৬।

## ৭.০ প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্যঃ

### ৭.১ পটভূমিঃ

জাতীয় শিক্ষা নীতি ২০১০ এর আলোকে ৫ বছর বয়সী শিশুদের জন্য প্রাক-বিদ্যালয় শিক্ষা কার্যক্রম প্রাথমিক শিক্ষার অংশ হিসেবে বিবেচিত হওয়ায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এ কার্যক্রম সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চালু করেছে। কিন্তু শহর এলাকার বস্তি, চা-বাগান, সরকারি আশ্রয়ন প্রকল্প, কেন্দ্রীয় কারাগার, হাওর, বিল ও দুর্গম এলাকাসহ যেখানে প্রাথমিক বিদ্যালয় নেই, সেখানকার শিশুদের জন্য প্রাক-বিদ্যালয় শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্য আলোচ্য প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের মূল উদ্দেশ্য হলঃ অনগ্রসর ও ঝুঁকিতে থাকা শিশুদের জন্য অনুমোদিত “শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত (Comprehensive Early Childhood Care and Development) নীতি ২০১৩” বাস্তবায়নের কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন, তত্ত্বাবধান ও সমন্বয়কল্পে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিশু একাডেমির কর্মক্ষমতা শক্তিশালীকরণ। এছাড়াও UNDAF নির্বাচিত কনভারজেন্ট জেলা ও অন্যান্য জেলায় বসবাসরত ঝুঁকিপূর্ণ শিশুদের সার্বিক বিকাশে সেবা প্রদানের লক্ষ্যে ১ম পর্যায়ে প্রতিষ্ঠিত ১,৭৫৭টি শিশু বিকাশ, ডে-কেয়ার ও প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রের কার্যক্রম চলমান রাখা। উন্নয়ন সহযোগী সংস্থা ইউনিসেফ-এর আর্থিক সহায়তায় সমাপ্ত শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা প্রকল্পের ধারাবাহিকতায় আলোচ্য প্রকল্পটি মোট ৪১৯৬.৭৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৯/০৮/২০১৪ ইং তারিখে অনুমোদিত হয়।

৭.২ **উদ্দেশ্যঃ**

সার্বিক উদ্দেশ্যঃ

সরকারি ও বেসরকারি সংস্থার শিশুর প্রারম্ভিক বিকাশ সহায়ক কর্মপদ্ধতিকে প্রাতিষ্ঠানিক রুপ দেয়া এবং শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতির বাস্তবায়ন তত্ত্বাবধান ও সমন্বয়কল্পে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিশু একাডেমির কর্মক্ষমতা শক্তিশালীকরণসহ ঝুঁকিপূর্ণ এলাকায় বসবাসরত শিশুদের সার্বিক বিকাশে সেবা প্রদান অব্যাহত রেখে তাদেরকে বাংলাদেশের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলা।

সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ

* মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগি সংস্থা, আন্তর্জাতিক ও দেশীয় বেসরকারি সংস্থাসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়েরে Early Childhood Development (ECD) কার্যক্রম সমন্বয়ের নিমিত্ত শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩ বাস্তবায়নের কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন;
* শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিকমান সম্পর্কিত দলিল- এর যৌক্তিকতা সম্পন্নকরণ;
* বাংলাদেশের ইসিডি কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান ও সমন্বয়ের নিমিত্ত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিশু একাডেমি ইসিডি সেল/ইউনিট স্থাপন;
* সারাদেশে ইসিডি বিষয়ক এডভোকেসি এবং গাইডেন্স কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ ইসিডি নিটওয়ার্ককে শক্তিশালীকরণ;
* ঝুঁকিপূর্ণ এলাকায় প্রকল্প মেয়াদে ১,৪৫২ টি প্রাক-প্রাথমিক শিক্ষা (PPE) কেন্দ্র স্থাপন এবং কেন্দ্রসমূহের মাধ্যমে ১,০৩,০০০ (এক লক্ষ তিন হাজার) শিশুকে মানসম্মত শিক্ষা প্রদান যেন তারা ৬ বছর বয়সে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হতে পারে;
* প্রকল্প এলাকায় ২৮৫টি শিশু বিকাশ কেন্দ্র (SBK) স্থাপন এবং কেন্দ্রসমূহের মাধ্যমে ২৬,০০০ শিশুকে ইসিডি সেবা প্রদান;
* প্রকল্প মেয়াদে গার্মেন্টস এলাকায় ২০টি শিশু দিবাযত্ন কাম প্রাক-প্রাথমিক শিক্ষা (Day Care Centre cum PPE) কেন্দ্র স্থাপন এবং কেন্দ্রসমূহের মাধ্যমে ১,২০০ শিশুকে ইসিডি সেবা প্রদান;
* বাংলাদেশের প্রেক্ষিতে ইসিডি মডেল অভিযোজনের লক্ষ্যে গবেষণা ও মূল্যায়ন কর্মসূচি চলমান রাখা; এবং
* শিশুর প্রারম্ভিক বিকাশ বিষয়ক সামাজিক উদ্বুদ্ধকরণ, প্যারেন্টি এবং গণযোগাযোগ কার্যক্রম অব্যাহত রাখা।

৭.৩ **প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

আলোচ্য প্রকল্পটি ৪১৯৬.৭৯ লক্ষ টাকা (জিওবি ৩৪৬.৬৯ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ৩৮৫০.০০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৪ থেকে ডিসেম্বর, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক গত ১৯/০৮/২০১৪ ইং তারিখে অনুমোদিত হয়।

৭.৪ **প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিঃ**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত অগ্রগতি সম্পর্কিত মার্চ, ২০১৫ মাসের প্রতিবেদন হতে দেখা যায় যে, ২০১৪-১৫ অর্থ বছরে প্রকল্পটির অনুকূলে এডিপিতে বরাদ্দ রয়েছে ১৬০১.০০ লক্ষ টাকা (জিওবি ৯০.০০ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ১৫১১.০০ লক্ষ টাকা)। মার্চ, ২০১৫ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১২৩১.০৬৫ লক্ষ টাকা (জিওবি ৪৫.০ এবং প্রঃসাঃ ১১৪৬.০৬৫ লক্ষ টাকা) এবং ব্যয় হয়েছে ১২০৯.৬৯৪ লক্ষ টাকা, যা এডিপি বরাদ্দের ২৮.৮২%।

৮.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়নঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম | ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | জুন, ২০১৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | ২০১৪-১৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | ২০১৪-১৫ অর্থ বছরের মার্চ, ২০১৫ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | Institutional and operational support for implementation of CECCD policy, validation of ELDS and Research & Development | ৩২০.৫০ | - | - | - | ২১৩.২৭ | ৬৬.৫৪% | ০.৫১৫ | |
| ২. | Center-based early learning for most disadvantaged children (SBD-Play Group, PPE-Preschool & DCC) and Promotion of ECD though Medical Institution | ৩৪৬৪.১৮ | - | - | - | ১২৩৯.৬৬ | ৩৫.৭৮% | ১১৮৫.৫৫ | |
| ৩. | Parenting education sessions and advocacy of ECD | ৬৫.৩২ | - | - | - | ৫৮.০৭ | ৮৮.৯০% | - | |
| ৪. | Manpower (Salary, Bonus, DA, Other service benefits) | ১১০.০০ | - | - | - | ২৫.০০ | ২২.৭২% | ৭.৭৬৩ | |
| ৫. | Operating cost (Fuel, Phone/Fax/ Internet Bill/Office Rent/Travel/Honorarium/ Allowance/Repair/Maintenance cost of Vehicles and Equipments/VAT/Stationeries & Contingency etc. | ২৩৬.৭৯ | - | - | - | ৬৫.০০ | ২৭.৪৫% | ১৫.৮৬৫৩১ | |
| | মোটঃ | ৪১৯৬.৭৯ | | | | ১৬০১.০০ | ৩৮.১৪% | ১২০৯.৬৯৪ | |

৯.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

| নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্ব গ্রহণ | দায়িত্ব হস্তান্তর | দায়িত্বের ধরন |
|---|---|---|---|---|---|
| ১। | মোঃ কফিল উদ্দিন কাইয়া | প্রকল্প পরিচালক, শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়), উপ-সচিব (মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়) | ২০/০৮/২০১৪ | অদ্যাবধি | পূর্ণকালীন |

১০.০ **প্রকল্প পরিদর্শনঃ**

প্রকল্পটির মাঠ পর্যায়ে বাস্তবায়ন অগ্রগতি সরেজমিনে পরিদর্শনের নিমিত্ত আইএমইডি কর্তৃক গত ২৭/০৪/২০১৫ ইং তারিখে এরশাদ নগর, গাজীপুরে পরিচালিত ২টি Pre-Primary School পরিদর্শন করা হয়।

১০.১ **প্রধান কর্মসূচি:**

পরিদর্শনকালে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করলে দেখা যায় প্রকল্পটির সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য প্রকল্পের আওতায় ৩টি প্রধান কর্মসূচি পরিচালিত হচ্ছে-

(১) CECCDP (Comprehensive Early Childhood Care and Development Policy) বাস্তবায়নের কর্মকৌশল প্রণয়ন; Early learning and Development Standards সম্পর্কিত দলিল এর যৌক্তিকতা যাচাই এবং গবেষণা ও মূল্যায়ন;

(২) Day-Care, SBK-Shishu Bikash Kendra & Pre-School কর্মসূচি;

(৩) ECD (Early Childhood Development) বিষয়ক প্যারেন্টিং, এডভোকেসি, সামাজিক উদ্বুদ্ধকরণ ও গণযোগাযোগ কার্যক্রম বাস্তবায়ন;

১০.২ **প্রকল্পটির অংশীদারি সংস্থাঃ**

শিশু-মাতৃ স্বাস্থ্য ইনষ্টিটিউট (ICMH),
BRAC (ব্রাক)
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (DSCC),
গ্রামীণ শিক্ষা (Grameen Shikkha),
ফুলকি (Phulki)

১০.৩ **প্রকল্পের কেন্দ্রসমূহের তালিকাঃ**

| বাস্তবায়নকারি সংস্থার নাম | কেন্দ্র সংখ্যা | | | | কর্মএলাকা |
|---|---|---|---|---|---|
| | ডে-কেয়ার | শিশু বিকাশ | প্রাক-প্রাথমিক | মোট | |
| ব্রাক | - | ২৫০ | ১২০০ | ১৪৫০ | সিলেট (৫০), সুনামগঞ্জ (৫০), হবিগঞ্জ (১০০), মৌলভীবাজার (১৫০), পটুয়াখালী (৫০),সাতক্ষীরা (৪০০), ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন (৫৮৫), নারায়ণগঞ্জ (১০), গাজীপুর (২৫) ও ময়মনসিংহ (৩০) জেলা। |
| গ্রামীণ শিক্ষা | - | ৩৫ | ৩৫ | ৭০ | ঢাকা জেলার সাভার পৌর এলাকা |
| ফুলকি | ২০ | - | - | ২০ | ঢাকা-মিরপুর (১৬), ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলা (৪) |
| ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | - | - | ১৬৮ | ১৬৮ | অঞ্চল-৩ (লালবাগ, ইসলামবাগ, হাজারীবাগ, জিগাতলা, কামরাঙ্গীরচর) |
| কেন্দ্রীয় কারাগার | - | - | ১০ | ১০ | ঢাকা, কাশিমপুর-গাজীপুর, রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল |
| এসএআরপিভি (SARPV) | - | - | ২৪ | ২৪ | কক্সবাজার জেলার চকোরিয়া উপজেলা |
| আশ্রয়ন প্রকল্প এলাকা | - | - | ১৫ | ১৫ | পটুয়াখালী জেলার কলাপাড়া (৭) ও গলাচিপা (৮) উপজেলা |
| মোট | ২০ | ২৮৫ | ১৪৫২ | ১৭৫৭ | - |

## ১০.১ এরশাদ নগর বস্তি Pre-Primary School পরিদর্শনঃ

গাজীপুরের এরশাদ নগরে ব্লক-৭ এবং ৮ এ অবস্থিত ২টি প্রি-প্রাইমারী স্কুল পরিদর্শন করা হয়। প্রি-প্রাইমারী স্কুল ২টি BRAC কর্তৃক পরিচালিত হচ্ছে। পরিদর্শনের সময় ব্রাকের Area Manager জনাব আর্দনাত বিশ্বাস, ব্রাঞ্জ ম্যানেজার মো ফজলুল হক, সুপারভাইজর লায়লা নূর এবং শিক্ষকদ্বয় উপস্থিত ছিলেন।

এরশাদ নগরে অবস্থিত Pre-Primary School ২টি পরিদর্শনকালে দেখা যায় স্কুলগুলোতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) কর্তৃক প্রণীত আমার বই এর পাঠবিন্যাস অনুযায়ী মাসিক, সাপ্তাহিক রুটিন এবং দৈনিক রুটিন তৈরি করা হয়। সে অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। দৈনিক কার্যক্রমের ছক নিম্নরূপঃ

**দৈনন্দিন কার্যক্রম**

| দিন ও তারিখ | মার্চ /২০১৫ ইং। দৈনন্দিন কার্যক্রম | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | দৈনিক সমাবেশ | ব্যায়াম | সৃজনশীল কাজ (ছড়া, নাচ,গান,গল্প) | ভাষার কাজ | সৃজনশীল কাজ (চারু,কারু, পরিবেশ,প্রযুক্তি) | নির্দেশনার খেলা | গণিত,বিজ্ঞানও নিরাপত্তা | ইচ্ছেমত খেলা | সমাপনী | শিক্ষিকার স্বাক্ষর |
| সময় | ১০মিনিট | ০৫মি | ২০মিনিট | ২৫মিনিট | ২০মিনিট | ২০মি | ২৫মিনিট | ২০মিনিট | ০৫মিনিট | |
| | কুশল বিনিময়,জাতীয় সংগীত,ভাববিনিময়, পরিস্কার পরিচ্ছন্নতা | ব্যায়াম- ৬ | ছড়া, নাচ- নোটন নোটন পায়রা (মুখস্ত করানো) | শোনাবলা- কথোপকথন(পৃষ্ঠা-১০০),প্রাক পঠন- ছবির গল্প পড়া(পৃষ্ঠা-১০৫),প্রাকলিখন- প্রাকলিখন- বর্ণাংশ লিখন(পৃষ্ঠা-১০৬) | চারু- ইচ্ছেমত ছবি আঁকা ,আঁকা ছবি রং করা (পৃষ্ঠা-৯০) | আয়না | প্রাক-গাণিতিক-(পৃষ্ঠা-১১৪-১১৮) বড় থেকে ছোট সাজানো সংখ্যা গণণা - ১ চেনা ও লেখা | প্রতিদিন ০৪ কর্নারে খেলবে | শ্রেণী কক্ষ গুছিয়ে রাখা (পৃষ্ঠা-১৮৫) | |
| | জাতীয় সংগীত কুশল বিনিময় | ব্যায়াম- ৬ | ছড়া, নাচ- নোটন নোটন পায়রা (হাততালি দিয়ে করানো ) | শোনাবলা- কথোপকথন (পৃষ্ঠা-১০০),প্রাক পঠন- ছবির গল্প পড়া(পৃষ্ঠা-১০৫),প্রাকলিখন- ইচ্ছেমতো ছবি আঁকা(পৃষ্ঠা-১১০) | পরিবেশ- ফসলের মাঠ,নদী,পাহাড়,বন ও সাগর (পৃষ্ঠা-৮৪) | আয়না | প্রাক-গাণিতিক- বড় থেকে ছোট সাজানো ,সংখ্যা গণনা-১,২ চেনা ও লেখা | পুতুল দিয়ে খেলা | শিশুদের থেকে জানা | |

## শিশুদের Activities:

শিশুরা বিভিন্ন দলে বিভক্ত হয়ে একজন দলনেতার অধীনে কাজ করছে। দলনেতা তার নিজের এবং দলের পরিচয় দিয়ে দলের অন্যান্য সদস্যদের বিভিন্ন রকম ফুল, ফল, পশু-পাখি ইত্যাদির নাম বলতে বলে এবং সদস্যরা প্রত্যেক দলনেতার নির্দেশ অনুযায়ী বলে।



বাচ্চারা বিভিন্ন শিক্ষা উপকরণ যেমনঃ পেন্সিল, স্কেল, স্লেট, বই, কাঠি ইত্যাদি সনাক্ত করতে বললে তারা তা সুন্দরভাবে করতে পেরেছে।

বাচ্চারা দলগতভাবে ছড়া, গান ইত্যাদি শিখছে, ছড়ার গানের সাথে তারা অভিনয় করে দেখায়। বাচ্চদের চিত্রাংকন করতে বললে তারা বিভিন্ন রকম ফল, ফুল, প্রাকৃতিক দৃশ্য, ঘর, মাছ, পতাকা ইত্যাদির ছবি একেঁ দেখায়। বিভিন্ন সংখ্যার ব্লক দিয়ে খেলার মাধ্যমে গণিত শেখানো হচ্ছে। কাঠি দিয়ে নানারকম চারুকাজ তারা করতে পারে।

**শিক্ষা উপকরণঃ**

Pre-Primary Schoolগুলোতে NCTB প্রণীত নিম্নলিখিত শিক্ষা উপকরণসমূহ ব্যবহার করা হয়ঃ

(i) আমার বই
(ii) এসো লিপি শিখি
(iii) শিক্ষক সহায়িকা
(iv) স্বরবর্ণ চার্ট
(v) ব্যঞ্জণবর্ণ চার্ট
(vi) ছবি দেখে পড়া
(vii) গল্পের সেট
(viii) ফ্লাশ কার্ড

উপরোল্লিখিত উপকরণসমূহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর তত্বাবধানে সকল Pre-Primary Schoolগুলোতে বিতরণ করা হয়। তাছাড়া Schoolগুলোতে অন্যান্য উপকরণ যেমন-Floor Mats, Black Board, বিভিন্ন রকম খেলার উপকরণ প্রকল্পের আওতায় সরবরাহ করা হয়ে থাকে বলে জানা যায়।



চিত্রঃ শিশুরা ছড়া গান গাইছে

**অভিভাবকদের নিয়ে মিটিং:**

কেন্দ্রগুলোতে অভিবাবকদের নিয়ে প্রতিমাসে অভিভাবক সভার আয়োজন করা হয়। গত ২৩/০৪/২০১৫ তারিখে এরশাদ নগর স্কুলের অভিভাবকদের নিয়ে সভার আয়োজন করা হয়। উক্ত অভিভাবক সভা পরিচালনা করেন ব্র্যাক প্রি-প্রাইমারী কর্মী লায়লা নূর ও শিক্ষিকা সালমা পারভীন। সভার আলোচ্য বিষয় ছিল শিশু বিকাশে অভিভাবকদের করণীয়, নিয়মিত উপস্থিতি, শিক্ষার গুরুত্ব। অভিভাবকদের সাথে কথা বলে জানা যায় যে, অভিভাবক মিটিংয়ে এসে তারা শিশুদের যত্নের ব্যাপারে তারা অনেক কিছু জানতে পারেন।



চিত্র: শিশুদের অভিভাবক

১১.০ **প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণঃ**

১১.১ প্রকল্পের মাসিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবদনে প্রেরণের জন্য IMED নির্ধারিত ০৫/২০০১ ফরম রয়েছে তার ০৮ নং কলাম অর্থাৎ Target and Achievement of the main components of the Project এর ছকে TPP অনুযায়ী প্রত্যেকটি খাতে ব্যয় এবং অগ্রগতি আলাদা করে দেখানো প্রয়োজন। প্রকল্পটির মার্চ, ২০১৫ মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদন থেকে দেখা যায় যে, অংগসমূহকে প্রধান ৫টি অংশে বিভক্ত করে তার ৫টি অংগের অধীনে অন্যান্য সকল অংগের লক্ষমাত্রা ও অগ্রগতি দেখানো হয়েছে।

১১.২ শিশুদের অভিভাবকদের সাথে কথা বলে জানা যায়, তারা স্কুলে বাচ্চাদের শিক্ষা কার্যক্রম সম্পর্কে সন্তুষ্ট তবে তারা দাবি করেন যে, স্কুলগুলোতে গরমের দিনে বাচ্চাদের বেশ কষ্ট হয়। ফ্যান-এর ব্যবস্থা করা গেলে বাচ্চারা আরও বেশি আনন্দের সাথে স্কুলে সময় কাটাতে পারবে।

১১.৩ শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা ২য় পর্যায় প্রকল্পের আওতায় শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি ২০১৩-এর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে কর্ম-পরিকল্পনাসহ বাস্তবায়ন পরিকল্পনার খসড়া প্রণয়নের নিমিত্ত বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ককে নিয়োজিত করা হয়। বাংলাদেশ ইসিডি নেটওয়ার্ক ইতোমধ্যে পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনার খসড়া প্রণয়ন করেছে। শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনার খসড়া সম্পর্কে মতামত গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট অংশীজন (Stakeholders) মন্ত্রণালয়-এর প্রতিনিধি, বিশেষজ্ঞ ও পেশাজীবীদের অংশগ্রহণে একদিনের একটি কর্মশালা আগামী ০৬ মে ২০১৫ খ্রিঃ তারিখ, রোজ বুধবার, ঢাকায় আয়োজন করা হয়েছে।

১১.৪ শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিক মান (ELDS) ডকুমেন্ট যৌক্তিকীকরণ (Validation) সংক্রান্ত একটি ELDS Validation Governance কমিটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠন করা হয়। ELDS Validation Governance কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং কমিটি ELDS ডকুমেন্ট যৌক্তিকীকরণ (Validation) সংক্রান্ত Master Concept Note প্রণয়নসহ একটি কারিগরি কমিটি গঠন করেছে। শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিক মান (ELDS) ডকুমেন্ট যৌক্তিকীকরণ (Validation) কাজ সম্পন্নের নিমিত্ত কারিগরি সংস্থা/প্রতিষ্ঠান নির্বাচনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

## ১২.০ সুপারিশঃ

১২.১ প্রকল্পের মাসিক অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদনের নির্ধারিত ছক অনুযায়ী সকল অংশের লক্ষমাত্রা ও অগ্রগতি সম্পর্কিত তথ্য সন্নিবেশ করে প্রস্তুত করত সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও IME বিভাগকে প্রেরণ করতে হবে;

১২.২ শিক্ষা কার্যক্রমকে আরও বেশি ফলপ্রসু করার লক্ষ্যে বাচ্চাদের জন্য কেন্দ্রগুলোতে লাইট ও ফ্যানের ব্যবস্থা করা প্রয়োজন;

১২.৩ শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি -২০১৩ এর পরিচালন ও বাস্তবায়ন পরিকল্পনা খসড়াটি চূড়ান্তকরণের জন্য ECD নেটওয়ার্ক এর কার্যক্রম এবং সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে; এবং

১২.৪ ELDS ডকুমেন্ট যৌক্তিকীকরণের কাজ তরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে।

17.05.15

(ফারজানা হোসেন)
সহকারী পরিচালক